দৈনিক
ইনকিলাব

তারিখ 2 2 JAN 2008
পৃষ্ঠা ৭৯ কলাম ৭

42 ফ্রিলান্স

# শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককে লিগ্যাল নোটিশ

স্টাফ রিপোর্টার : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককে লিগ্যাল নোটিশ দেয়া হয়েছে। এমপিওভুক্ত না করায় সরারচর হাই স্কুলের সহকারী শিক্ষক ইয়াসমিন তাজরিন জাহান তারিনের পক্ষে এডভোকেট জিন্নাতুল ইসলাম এ নোটিশ দেন। লিগ্যাল নোটিশে উল্লেখ করা হয়, সহকারী শিক্ষিক তারিন নিয়োগ বিজ্ঞপ্তি অনুসারে ২০০৫ সালের ১৮ ফেব্রুয়ারী পরীক্ষায় অংশ নিয়ে প্রথম হন। কিন্তু প্রধান শিক্ষক অন্যদের যোগসাজশে অন্য প্রার্থীকে নিয়োগ দেন। এ বিষয়ে বাদী কিশোরগঞ্জ যুগ্ম জেলা জজ আদালতে মামলা (নং-১৭/২০০৫) করেন। এ প্রেক্ষিতে বাদীকে শিক্ষক পদে নিয়োগ দেয়া হবে- এ মর্মে প্রধান শিক্ষক ও অন্য বিবাদীদের সঙ্গে আপসরফা হয়। সে অনুসারে নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে ইন্টারভিউ নেয়া হয়। তাতেও তারিন প্রথম হন। সে অনুযায়ী ২০০৬ সালের ১ জুলাই সরারচর শিবনাথ বহুমুখী উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক হিসেবে নিয়োগ দেয়া হয়। নিয়োগের পর তিনি এমপিওভুক্তির আবেদন করলে শিক্ষা অধিদপ্তর থেকে জানানো হয়, উক্ত বিদ্যালয়ে তার নিয়োগের কোন কোটা নেই। অর্থাৎ দায়েরকৃত মামলা থেকে নিষ্কৃতি লাভের জন্যই কোটা না থাকা সত্ত্বেও প্রতারণামূলকভাবে ইয়াসমিন তাজরিন জাহান তারিনকে সহকারী শিক্ষক পদে নিয়োগ দেয়া হয়। ২৪ জানুয়ারীর মধ্যে এমপিওভুক্তির ব্যবস্থা নেয়া না হলে তিনি আইনানুগ ব্যবস্থা নেবেন বলে নোটিশে উল্লেখ করা হয়।